সমকাল

তারিখ 12 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

11 NOV 2016

সিলেটে শিক্ষামন্ত্রী

# বাংলাদেশ এখন বিশ্বে মডেল

■ বিয়ানীবাজার ও গোলাপগঞ্জ (সিলেট) প্রতিনিধি

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ১৬ কোটি মানুষের বাংলাদেশ এখন বিশ্বে মডেল। শিক্ষা, অর্থনীতি ও যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়নের মাধ্যমে বাংলাদেশ বিশ্বের কাছে নিজেদের নতুন করে তুলে ধরতে সক্ষম হয়েছে। ১৬ কোটি মানুষকে এ অগ্রযাত্রার কারিগর উল্লেখ করে তিনি বলেন, জাতির জনকের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনসংখ্যাকে সম্পদে পরিণত করেছেন। তার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ নিম্ন-মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। ২০২১ সালের আগেই আমরা মধ্যম আয়ের দেশে উন্নীত হব।

গতকাল বৃহস্পতিবার বিকেলে পৌর শহরের উত্তরবাজারে বিয়ানীবাজার উপজেলা আওয়ামী লীগ আয়োজিত গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল হাসিব মনিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আতাউর রহমান খানের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন দলের জেলা যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নাসির উদ্দিন খান, উপজেলা সহসভাপতি ময়নুল ইসলাম, মুক্তিযোদ্ধা আবদুল আহাদ, সামসুদ্দিন খান প্রমুখ।

নুরুল ইসলাম নাহিদ বলেন, এ দেশের সাধারণ মানুষ জঙ্গিদের কবর রচনা করেছে। ষড়যন্ত্রের বীজ চিরতরে মাটি চাপা দিয়েছে। এখন আর কেউ ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৩

## বাংলাদেশ এখন

[১৯ পৃষ্ঠার পর]

ষড়যন্ত্র করে, বিদেশিদের তাঁবেদারি করে ক্ষমতায় আসতে পারবে না। এ জন্য সাধারণ মানুষের কাছে আসতে হবে, তাদের সুখ-দুঃখ ভাগাভাগি করে নিতে হবে।

সমাবেশে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সদস্য শাহরিয়ার কবির সেলিম, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কমান্ডার আবদুল কাদির, চারখাই ইউপি চেয়ারম্যান মাহমুদ আলী, উপজেলা আওয়ামী লীগ নেতা আহমদ হোসেন বাবুল, জাকির হোসেন, অধ্যাপক আবদুল খালিক, হারুনুর রশিদ দিপু, দেওয়ান মাকসুদুল আউয়াল প্রমুখ।

এদিকে গতকাল সকালে গোলাপগঞ্জ উপজেলা বাস টার্মিনালে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী বলেন, দারিদ্র্য ও ক্ষুধামুক্ত এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণ দেশ গড়ার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে।

সংবর্ধনার জবাবে মন্ত্রী নয়, আমি দলের একজন কর্মী হিসেবে কাজ করে যাচ্ছি। উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট ইকবাল আহমদ চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রফিক আহমদের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন দলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মিছবাহ উদ্দিন সিরাজ, জেলা সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, যুগ্ম সম্পাদক নাছির উদ্দিন খান, গোলাপগঞ্জ পৌর মেয়র সিরাজুল জব্বার চৌধুরী, আওয়ামী লীগ নেতা সৈয়দ মিছবাহ উদ্দিন, লুৎফর রহমান, শরীফগঞ্জ ইউপি চেয়ারম্যান এমএ মুহিত হীরা, কাউন্সিলর রুহিন আহমদ খান প্রমুখ।